



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল : ০১৮১৯-৯৩০৪৮৮

তারিখ: ২২ অক্টোবর ২০২৪খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি-

## চট্টগ্রামে শিক্ষাবিপ্লব ঘটান নূর আহমদ: আলোচনা সভায় বক্তারা

চট্টগ্রাম পৌর এলাকায় অবৈতনিক প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার মাধ্যমে মিউনিসিপ্যালিটির সাবেক চেয়ারম্যান মরহুম মৌলভী নূর আহমদ চট্টগ্রামে শিক্ষাবিপ্লব ঘটান বলে মন্তব্য করেছেন বক্তারা।

মঙ্গলবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে মরহুম নূর আহমদের ৬০তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তারা বলেন, মরহুম নূর আহমদ ১৯২১ সালে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান নির্বাচিত হন এবং ১৯৫৪ সাল পর্যন্ত একটানা ৩৩ বছর দায়িত্ব পালন করেন। শিক্ষার আলোকে চট্টগ্রামে ছড়িয়ে দিতে ১৯২৭ সালে চট্টগ্রাম পৌর এলাকায় অবৈতনিক প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করেন। ১৯২৮ সালে মেয়েদের জন্য প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করে তিনি প্রতি এলাকায় প্রাথমিক বিদ্যালয় স্থাপনের এক পরিকল্পনা গ্রহণ করেন। পৌরসভা পরিচালিত অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকদের দায়িত্বপালন ও পাঠদান নিশ্চিত করার জন্য পৌরসভায় স্কুল পরিদর্শক নিয়োগ করেন তিনি। তাঁর প্রচেষ্টায় অবিভক্ত বাংলায় চট্টগ্রাম পৌর এলাকা শিক্ষার হারে সর্বোচ্চ স্থান লাভ করে, চট্টগ্রামে ঘটে শিক্ষাবিপ্লব।

সভায় মরহুম মৌলভী নূর আহমদের পরিবারের পক্ষে তাঁর দৌহিত্র অধ্যাপক সেলিম জাহাঙ্গীর বক্তব্য রাখেন। সভায় বক্তব্য রাখেন প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলাম, সচিব মো. আশরাফুল আমিন, প্রধান রাজস্ব কর্মকর্তা নজরুল ইসলাম, শিক্ষা কর্মকর্তা মোহাম্মৎ রাশেদা আক্তার, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মোঃ রেজাউল করিম, রাজস্ব কর্মকর্তা মো. সাব্বির রহমান সানি, অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ মোহাম্মদ আবু তালেব বেলাল, সিটি কর্পোরেশন স্কুল শিক্ষক সমিতির সভাপতি আখতার হোসেন। এসময় দোয়া ও মুনাজাত পরিচালনা করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাদ্রাসা পরিদর্শক মাওলানা মোহাম্মদ হারুনুর রশিদ চৌধুরী।

## চসিক জেনারেল হাসপাতালে এডভোকেসী সভা

### নগরীতে ১লক্ষ ৩৬ হাজার কিশোরীকে জরায়ুমুখ ক্যান্সার টিকা দেয়া হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় কিশোরী ও মাতৃমৃত্যু হার কমানোর লক্ষ্যে ১০-১৪ বছরের কিশোরীদের জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধ টিকা এইচপিভি প্রথম ডোজ প্রদান কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে মঙ্গলবার সকালে মেমন জেনারেল হাসপাতাল মিলনায়তনে এডভোকেসি সভা অনুষ্ঠিত হয়।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন ভারপ্রাপ্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ ইমাম হোসেন রানার সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তোহিদুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা শাহরীন ফেরদৌসী, শিক্ষা কর্মকর্তা রাশেদা আক্তার, ডা. সরোয়ার আলম, ডা. প্রসূন রায়, ডা. হোসনা আরা বেগম, ডা. মোঃ রফিকুল ইসলাম, ডা. তপন চক্রবর্তী, জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ওয়াহীদুল আলম, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা চৌধুরী আবদুল্লাহ আল মামুন, ইউনিসেফ চট্টগ্রামের হেলথ অফিসার দেলোয়ার হোসেন। উপস্থিত ছিলেন ডাঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ সূমন তালুকদার, ডাঃ আকলি মাহমুদ নাফে, ডাঃ জুয়েল মহাজন।

প্রধান অতিথির বক্তব্যে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তোহিদুল ইসলাম বলেন, সারাদেশের ন্যায় চট্টগ্রাম নগরীতেও আগামী ২৪ অক্টোবর হতে ১০দিনব্যাপী জরায়ুমুখ ক্যান্সার টিকা প্রথম ডোজ এইচপিভি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এর আওতায় নগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ৫ম থেকে ৯ম শ্রেণি পড়ুয়া ছাত্রীদের এই টিকা দেয়া হবে এবং পরবর্তীতে মহানগরীর ৪১টি ওয়ার্ডে স্থায়ী ও অস্থায়ী টিকাদান কেন্দ্রে ৮দিন ১০ থেকে ১৪ বছর বয়সী বিদ্যালয় বর্হি:ভূত কিশোরীদের টিকা প্রদান করা হবে। কোন কিশোরী যাতে টিকা গ্রহণে বাদ না পড়ে সেদিকে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান। কারণ এইচপিভি টিকা কিশোরী মাতৃ মৃত্যুর ঝুঁকি হ্রাস করে। তিনি জানান, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় বিদ্যালয় ও বিদ্যালয় বর্হি:ভূত কিশোরীদের ১ লক্ষ ৩৬ হাজার জরায়ুমুখ ক্যান্সারের টিকা ০১ ডোজের এইচপিভি প্রদানের লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করছে।

চসিকের ভ্রাম্যমান আদালত পরিচালনা

বাজার মনিটরিং ও এডিস মশা প্রতিরোধে অভিযান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে মঙ্গলবার নগরীর পাহাড়তলী থানা এলাকায় ড্রাম্যামান আদালত পরিচালিত হয়। এ সময় অলংকার মোড়স্থ আবদুল আলী হাট কাঁচা বাজার মনিটরিং কালে বিভিন্ন দ্রব্যের মূল্যে যাছাই করা হয় এবং প্রত্যেক দোকানে মূল্য তালিকা টাঙ্গানোর জন্য দোকান মালিকদের নির্দেশনা প্রদান করা হয়। অভিযানকালে ফুটপাতে দোকানের শেড নির্মাণ করে মালামাল রেখে জনসাধারণে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করার দায়ে ১২ ব্যক্তিকে ১১ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযান পরিচালনা করেন চসিক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্বিদ্যা।

অপর অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন কোতোয়ালী থানাধীন খলিফাপট্টি এলাকায় বিভিন্ন বাড়ির আঙ্গিনা ও ছাদবাগান পরিদর্শন করা হয়। এই সময় ২টি নির্মাণাধীন ভবনে জমাটবদ্ধ পানিতে এডিস মশার লার্ভা পাওয়ায় ২ ভবন মালিককে ১৬ হাজার টাকা জরিমানা করা হয়। একই সাথে মশার ঔষধ স্প্রে করা হয় এবং ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির জন্য জনসাধারণের মাঝে লিফটেড বিতরণ করা হয়।

অভিযানকালে ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ।

**স্বাক্ষরিত/-**

**(আজিজ আহমদ)**

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮